তারিখ 25 MAR 1992
পৃষ্ঠা... ৮ ...কলাম ...৬...

আজকের কাগজ

### ৩৭ হাজার শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত

# পঞ্চগড়ের প্রাথমিক বিদ্যালয়গুলোর অবস্থা অত্যন্ত করুণ

**এনএম জাহাঙ্গীর আলম,** পঞ্চগড়-পঞ্চগড় জেলার গ্রামাঞ্চলে বিদ্যালয়ে যাওয়ার মতো প্রায় ৩৭, হাজার শিশু প্রাথমিক বিদ্যাশিক্ষা থেকে বঞ্চিত। দারিদ্র্যের কারণে সব শিশু কিশোররা বঞ্চিত হচ্ছে শিক্ষার আলো থেকে। জানা গেছে, ৫টি উপজেলায় বিদ্যালয়ে যাওয়ার মতো ৬ থেকে ১০ বছর পর্যন্ত শিশুর সংখ্যা ১ লাখ ২৭ হাজার ৬ শ' ২০ জন। এর মধ্যে বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণীতে লেখাপড়া করছে ৯০ হাজার ৭শ' ৪৪ জন শিশু। বাকি ৩৬ হাজার ৮শ'৪৬ জন শিশু শিক্ষা থেকে বঞ্চিত।

জেলায় ৪শ' ১টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৩শ' ২০টি সরকারি এবং রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়। সরকারি প্রথমিক বিদ্যালয় ১ হাজার ১শ' ৮ জন শিক্ষকের পদ থাকলেও শিক্ষক রয়েছে ১ হাজার ৭২ জন। দীর্ঘ দিন ধরে এ জেলায় ৩৬ জন শিক্ষকের পদ শুন্য রয়েছে।

জানা গেছে, কোনো কোনো প্রাথমিক বিদ্যালয়ে মাত্র ২/৩ জন শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। ফলে শিশুদের পড়াশুনা ব্যাহত হচ্ছে।

দারিদ্র্যসীমার নীচের পরিবারের শিশুরাই শিক্ষা থেকে বঞ্চিত। লেখাপড়ার ইচ্ছে থাকলেও এরা অভাবের কারণে বিদ্যালয়ের পরিবর্তে শিশুশ্রমে নিয়োজিত হতে বাধ্য হচ্ছে। এরা শহরে-বন্দরে, হোটেল-রেস্তোঁরা, বাসা-বাড়ি কিংবা দোকানে কাজ করে নিজেদের ক্ষুধা নিবৃত্তের চেষ্টা করে।

পঞ্চগড়ে এপর্যন্ত ৩শ' ১০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে মাত্র ৬০টিতে পাকা ভবন গড়ে উঠেছে। ১৮৫টি আধা পাকা, ৬৫টি কাঁচা। এছাড়া বেসরকারি ৯১টি প্রথমিক বিদ্যালয় কাঁচা ১১০টি সরকরি ও ৯১টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ঘর ছন, টিন, চাটাই বা বাঁশের বেড়া দিয়ে তৈরি। প্রয়োজনীয় সংস্কারের অভাবে বিদ্যালয় গৃহগুলো জরাজীর্ণ অবস্থায় পড়ে রয়েছে।